দৈনিক ইত্তেফাক

তারিখ 19 DEC 1992
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৫ ...

123

# যশোর বোর্ডের ১১৯০ জন এসএসসি পরীক্ষার্থীর বিভিন্ন মেয়াদের শাস্তি

ঝিনাইদহ সংবাদদাতা ॥ যশোর বোর্ডের অধীন ১৯৯২ সালের এসএসসি পরীক্ষায় অসদুপায় অবলম্বন, দুর্নীতির আশ্রয় গ্রহণ, অসদাচরণের দায়ে এক হাজার ১৯০ জন পরীক্ষার্থীকে বিভিন্ন মেয়াদের শাস্তি দেওয়া হইয়াছে।

যশোর বোর্ডের একটি উর্ধ্বতন সূত্রে জানা যায়, পরীক্ষা পরি-

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## যশোর বোর্ড

( ৩য় পৃঃ পর )

চালনার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা ও প্রধান পরীক্ষকদের নিকট হইতে প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে বোর্ডের শৃঙ্খলা কমিটির সভায় অভিযোগ প্রমাণিত হওয়ায় তাহাদের শাস্তি প্রদান করা হইয়াছে।

বোর্ডের শৃংখলা কমিটি ৬ শত ৩৪ জনের শুধুমাত্র ১৯৯২ সালের পরীক্ষা বাতিল করিয়াছে। ৪ শত ৫৬ জনের ১৯৯২ সালের পরীক্ষা বাতিলসহ ১৯৯৩ সালের পরীক্ষায় অংশগ্রহণ রহিত, ৯৩ জনের ১৯৯২ সালের পরীক্ষা বাতিলসহ '৯৪ সাল পর্যন্ত পরীক্ষায় অংশগ্রহণ রহিত, ৫ জনের '৯২ সালের পরীক্ষা বাতিলসহ '৯৫ পর্যন্ত পরীক্ষায় অংশগ্রহণ রহিত ও ২ জনের '৯২ সালের পরীক্ষা বাতিলসহ '৯৬ সাল পর্যন্ত পরীক্ষায় অংশগ্রহণ রহিত করা হইয়াছে।

শাস্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের রোল নম্বর বোর্ডের অধীন সকল মাধ্যমিক স্কুলকে জানান হইয়াছে।

শাস্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের মধ্যে এবার কুষ্টিয়া জেলা শীর্ষে অর্থাৎ ২১৬ জন এবং বরিশাল জেলায় দেওয়া হইয়াছে ১৪৫ জনকে। সবচেয়ে কম শাস্তি পাইয়াছে মাগুরা জেলাতে। মাত্র ১৭ জন। শাস্তিপ্রাপ্তদের মধ্যে ১৯৪ জন ছাত্রী।